মুজিব বর্ষ ১০০

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)

নং-৩৯.৩০৭.০১৪.০০.০১.৩০৪.২০২১-২৩১ তারিখ: ২৫.১১.২০২১।

**প্রজ্ঞাপন**

বিসিএসআইআর-এর ১৮.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত ডিপিসি-২ এর সুপারিশ ২৪.১১.২০২১ তারিখে অনুষ্ঠিত ৩৩৩-তম বোর্ড সভায় অনুমোদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীকে তার নামের পার্শ্বে উল্লিখিত পদে এবং বেতনক্রমে মূল বেতন ও প্রদেয় প্রচলিত ভাতাদিসহ শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রঃ নং | রোল | নাম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) |
|---|---|---|---|
| ১। | ১২০০০৫১ | মোঃ সম্রাট আকবর | ইলেক্ট্রিশিয়ান (স্থায়ী পদ) টাকা ৯৩০০...২২৪৯০/- (গ্রেড-১৬) |

শর্তাবলী:

১. তাকে ৬ (ছয়) মাস শিক্ষানবিস (প্রবেশনার) হিসেবে কাজ করতে হবে। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ অনূর্ধ্ব আরও ৬ (ছয়) মাস বৃদ্ধি করতে পারবেন।

২. পরিষদের কর্মচারী চাকরি প্রবিধানমালা এবং পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য সরকারের বিধি দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩. তার প্রাক-পরিচয় সম্পর্কে সন্তোষজনক পুলিশি প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে এতৎসংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক তার শিক্ষানবিসকালের অবসান হবে।

৪. শিক্ষানবিসকালে ন্যূনতম ১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান না করে তিনি চাকরি হতে পদত্যাগ করতে পারবেন না। তবে, এরূপ নোটিশ প্রদান না করে পদত্যাগ করতে হলে তিনি পরিষদকে তার এক মাসের মূল বেতনের সম-পরিমান অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। পরিষদ তার শিক্ষানবিসকালে শৃঙ্খলাজনিত কারণ বা অসন্তোষজনক কাজের জন্য যে কোন সময়ে ০১ (এক) মাসের নোটিশ অথবা ০১ (এক) মাসের বেতন প্রদান পূর্বক তাকে চাকরি হতে অব্যাহতি দিতে পারবেন।

৫. চাকরি স্থায়ী হবার পর তিনি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তার অভিপ্রায় উল্লেখপূর্বক লিখিতভাবে ০৩ (তিন) মাস পূর্বে নোটিশ প্রদান না করে চাকরি হতে পদত্যাগ করতে পারবেন না। তবে, এরূপ নোটিশ প্রদান না করে পদত্যাগ করতে হলে তিনি অত্র পরিষদকে তার ০৩ (তিন) মাসের মূল বেতনের সম-পরিমাণ অর্থ ক্ষতিপূরণ প্রদান করতে বাধ্য থাকবেন।

৬. পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত কর্মক্ষেত্রে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই কারণে চাকরিচ্যুত হলে তিনি অত্র পরিষদে ভবিষ্যতে চাকরি প্রাপ্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

৭. তার বিরুদ্ধে কোন কারণে শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হলে তিনি চাকরি হতে স্বেচ্ছায় ইস্তফা দিতে পারবেন না।

৮. পরিষদে চাকরিতে থাকা অবস্থায় আচরণ ও শৃঙ্খলা পরিপন্থি কোন দোষে দোষী হলে তার বিরুদ্ধে পরিষদের প্রবিধানমালা ও প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. তার শিক্ষাগত যোগ্যতার সনদ, অন্যান্য প্রাতিষ্ঠানিক প্রত্যয়ন পত্র ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি যাচাই সাপেক্ষে এই নিয়োগ বলবৎ থাকবে।

১০. নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে যোগদানের জন্য অতিরিক্ত অপরিহার্য সময় উল্লেখপূর্বক ধার্য সময়ের পূর্বে আবেদন করে কর্তৃপক্ষ কর্তৃক সময় মঞ্জুর করে নিতে হবে। নতুবা তাঁর এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

১১. বিসিএসআইআর কর্মচারী প্রবিধানমালা'৮৯-এর ১৩ প্রবিধি অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

১২. যোগদানকৃত কর্মচারীকে যোগদানের পর তার সম্পদের হিসাব বিবরণী দাখিল করতে হবে।

১৩. বর্ণিত শর্তাদি গ্রহণযোগ্য হলে তাকে বিসিএসআইআর-এর চিকিৎসক কর্তৃক শারিরীক যোগ্যতার সনদ গ্রহণপূর্বক আগামী ১২.১২.২০২১ তারিখে সচিব, বিসিএসআইআর, ঢাকা-এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। অন্যথায় এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-২

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC AND INDUSTRIAL RESEARCH (BCSIR)



১৪. পরিষদের চাকরিতে যোগদানের জন্য তাকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

(শাহ্ আবদুল তারিক)
সচিব

প্রাপক,

..........................................................................

..........................................................................

..........................................................................

..........................................................................

নং-৩৯.৩০৭.০১৪.০০.০১.৩০৪.২০২১-২৩১ তারিখ: ২৫.১১.২০২১।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। পরিচালক, বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত পরিচালক, আইএমএমএম, জয়পুরহাট/ পিপিএন্ডপিডিসি, ঢাকা/ আইজিসিআরটি, ঢাকা/ বিটিআরআই, ঢাকা/ বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী/ বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম/ আইএফএসটি, ঢাকা/ আইএফআরডি, ঢাকা/ পিএন্ডডি, ঢাকা/ আইএনএআরএস, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইটিটিআই, ঢাকা/ চামড়া গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৬। মেডিকেল অফিসার, বিসিএসআইআর, ঢাকা (নিয়োগকৃতদের ডোপ টেস্টসহ স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিসিএসআইআর, ঢাকা
৮। পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর সচিবালয়, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, বিসিএসআইআর, ঢাকা (প্রজ্ঞাপনটি বিসিএসআইআর-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, বিসিএসআইআর, ঢাকা (প্রজ্ঞাপনটি বিসিএসআইআর-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জিপিএফ/ পেনশন সেল/ নিরীক্ষা শাখা/ হিসাব শাখা/ বাজেট শাখা, বিসিএসআইআর সচিবালয়, ঢাকা।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিএসআইআর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংস্থাপন-১/২/৩/৪/ সেবা শাখা, বিসিএসআইআর সচিবালয়, ঢাকা।
১৪। একান্ত সহকারী, সদস্য (উন্নয়ন)/ সদস্য (প্রশাসন)/ সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি)/ সদস্য (অর্থ), বিসিএসআইআর, ঢাকা (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

(শাহ্ আবদুল তারিক)
সচিব

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.
Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd